

নির্বাচন কমিশন

- সার্চ কমিটি গঠন এবং সার্চ কমিটির সুপারিশ অনুযায়ী নির্বাচন কমিশন গঠন।
- ৩১ আগস্ট ২০১৩ পর্যন্ত জাতীয় সংসদের ১৭টি উপ-নির্বাচন, ৯টি সিটি কর্পোরেশন, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদের মোট ৫ হাজার ৭৪৫টি নির্বাচন অনুষ্ঠিত। সর্বমোট ৬৩ হাজার ৯৬৩ জন জনপ্রতিনিধি নির্বাচিত।
- প্রতিটি নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্ন। সরকার কোনো রকম হস্তক্ষেপ করেনি। দেশ-বিদেশে প্রশংসা অর্জন।
- দেশে বর্তমানে মোট ভোটার ৯ কোটি ২১ লাখ ২৯ হাজার ৮৫২ জন। এর মধ্যে পুরুষ ভোটার ৪ কোটি ৬২ লাখ ১ হাজার ৮৭১ জন এবং নারী ভোটার ৪ কোটি ৫৯ লাখ ২৭ হাজার ৯৮১ জন।
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোতে নারীর আসন সংরক্ষণ। বিভিন্ন পর্যায়ে ১৪ হাজারের অধিক নারী নির্বাচিত। নারীর রাজনৈতিক ক্ষমতায়ন নিশ্চিতকরণ।